‘উন্নয়নের সুফল জনগণের দোড়গোড়ায় পৌঁছাতে কাজ করছে সরকার’

চকরিয়া প্রতিনিধি:
“উন্নয়নের গণতন্ত্র, শেখ হাসিনার মূলমন্ত্র” এ শ্লোগানকে সামনে রেখে চকরিয়ায় উপজেলা প্রশাসনের উদ্যোগে তিন দিনব্যাপী উন্নয়ন মেলার ২য়দিন১০ জানুয়ারি বিকাল ৪টায় পৌর কমিউনিটি সেন্টার মাঠে স্থাপিত বিভিন্ন স্টল পরিদর্শন করেন চকরিয়া-পেকুয়া আসনের জাতীয় সংসদ সদস্য হাজী মোহাম্মদ ইলিয়াছ।

পরে তিনি সন্ধ্যা ৬টায় আলোচনা সভা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন। এতে তিনি বলেন, সরকারের অগ্রগতি, উন্নয়ন ও সেবা সর্ম্পকে সাধারণ জনগণের মাঝে বিষদ ধারণা পৌছাতে এধরনের মেলার আয়োজন মুখ্য ভূমিকা রাখবে। বর্তমান সরকার চায় দেশের কোন দপ্তরে কোন কোন সেবা পাওয়া যায় তা জনগণ জানুক এবং উক্ত সেবা যথাযথভাবে গ্রহণ করুক। তিনি বলেন, কক্সবাজার জেলার মধ্যে সবচেয়ে বড় উন্নয়ন মেলা হয়েছে চকরিয়ায়। আমি মনে করে শুধু কক্সবাজার নয় সারাদেশের মধ্যে চকরিয়া মডেল হিসেবে রূপান্তরিত হবে।

হাজী ইলিয়াছ এমপি বলেন, সরকার শিক্ষা, চিকিৎসা,কৃষি ও বিদ্যুৎ ব্যবস্থা সহ সর্বক্ষেত্রে সফল হয়েছেন। এসফলতা যেন জনগণের দৌড় গোড়ায় পৌছে যায় সে লক্ষ্যেই কাজ করছে শেখ হাসিনার সরকার।

মেলার আয়োজক চকরিয়া উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ সাহেদুল ইসলামের সভাপতিত্বে ও উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মাহবুব উল করিম এর সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন চকরিয়া উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি আলহাজ¦ জাফর আলম বিএ(অনার্স)এমএ, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আলহাজ¦ সাফিয়া

বেগম শম্পা, চকরিয়া থানার ওসি জহিরুল ইসলাম খাঁন, জেলা পরিষদ সদস্য ও পৌরসভা আওয়ামীলীগের সভাপতি জাহেদুল ইসলাম লিটু, চকরিয়া প্রেস ক্লাবের সভাপতি আবদুল মজিদ প্রমুখ।

চকরিয়া উপজেলা প্রশাসনের উন্নয়ন মেলায় ১৮টি ইউনিয়ন ও প্রশাসনের প্রত্যেক দপ্তর সহ ৫৪টি স্টল বসানো হয়েছে।